অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইন্টারবরো এক্সপ্রেসের সহজসাধ্যতা প্রতিবেদন প্রকাশ করলেন

পরবর্তী ধাপে রয়েছে ব্রুকলিন কুইন্সে কমিউনিটি আউটরিচ এবং গভর্নরের 2022 স্টেট অফ দ্য স্টেটে নির্দেশিত পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়া

সম্পূর্ণ সহজসাধ্যতা গবেষণা দেখুন এখানে

প্রকল্পটি দৈনিক ৪0,000 যাত্রীকে পরিষেবা প্রদান করবে এবং 17টি পর্যন্ত সাবওয়ে লাইন এবং লং আইল্যান্ড রেলরোডকে সংযুক্ত করবে

প্রান্ত-থেকে-প্রান্তে যাত্রার সময় 40 মিনিটের কম হবে বলে প্রত্যাশা করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল এবং মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) ভারপ্রাপ্ত প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার আজকে ইন্টারবরো এক্সপ্রেসের সহজসাধ্যতা নিয়ে বছরদীর্ঘ গবেষণার ফলাফল প্রকাশ করলেন, এটি একটি রূপান্তরকারী ট্রানজিট প্রকল্প যা ব্রুকলিন ও কুইন্সের 17টি পর্যন্ত সাবওয়ে লাইন এবং লং আইল্যান্ড রেলরোডের (Long Island Rail Road) সম্প্রদায়সমূহকে সংযুক্ত করবে, এবং দুইটি বরোর মধ্যকার যাতায়াতের সময় উল্লেখযোগ্য পরিমাণ হ্রাস করবে।

"অবকাঠামোর মূল অর্থ হলো সংযোগ, এবং ইন্টারবরো এক্সপ্রেস দিয়ে আমরা মানুষকে তাদের পরিবার ও বন্ধুদের সাথে সংযুক্ত করতে পারবো এবং একই সাথে তাদের জীবনযাত্রার মান উন্নত করতে পারবো," **গভর্নর হোকল বলেন।** "ইন্টারবরো এক্সপ্রেস (Interborough Express) ব্রুকলিন ও কুইন্সকে সংযুক্ত করবে, যার ফলে শুধু যাতায়াতের সময়ই কমবে না, বরং রুটটিতে সাবওয়ে লাইন সংযুক্ত করা সহজতর হবে। সহজসাধ্যতা গবেষণা শেষ হওয়ার ফলে, আমরা এখন প্রকল্পটির পরবর্তী পর্যায়ে অগ্রসর হতে পারবো এবং এটি আমাদের ইন্টারবরো এক্সপ্রেসকে নিউ ইয়র্কবাসীর জন্য বাস্তবে পরিণত করার আরো কাছে নিয়ে যাবে।"

সহজসাধ্যতা গবেষণার ফলাফল নির্দেশ করে যে বিদ্যমান ফ্রাইট রেল ট্র্যাফিকের সাথে যাত্রী ট্র্যাফিকের ব্যবস্থা করা বাস্তবিকই সম্ভব, এবং এর একটি উল্লেখযোগ্য চাহিদা রয়েছে, এবং বাস র্যা পিড ট্রানজিট (Bus Rapid Transit), লাইট রেল (Light Rail), এবং গতানুগতিক হেভি রেল (Heavy Rail) ট্রানজিট সবগুলিই ট্রানজিটের মাধ্যম হিসেবে সম্ভব।

গভর্নর হোকলের 2022 স্টেট অফ দ্য স্টেটের (State of the State) ঘোষণা অনুযায়ী, MTA-র পরবর্তী পদক্ষেপ হবে স্টেট ও ফেডারেলের জন্য আবশ্যক পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়া সম্পন্ন করা, যার মধ্যে সম্প্রদায়সমূহ, নির্বাচিত কর্মকর্তা এবং অন্যান্য মুখ্য স্টেকহোল্ডারদের মতামত নেওয়ার জন্য জনগণকে জড়িত করাও থাকবে যাতে করে ট্রানজিটের সর্বাপেক্ষা উপযুক্ত মাধ্যম নির্ণয়ের প্রক্রিয়া অগ্রসর করা যায়।

ইন্টারবরো এক্সপ্রেস বিদ্যমান বে রিজ ব্রাঞ্চ (Bay Ridge Branch) ব্যবহারের অধিকার ব্যবহার করবে, যা হলো ব্রুকলিন এবং কুইন্সের মধ্যে একটি ফ্রাইট রেল লাইন, এটি বে রিজ, সানসেট পার্ক, বরো পার্ক, কেনিংসটন, মিডউড, ফ্ল্যাটবুশ, ফ্ল্যাটল্যান্ডস, নিউ লটস, ব্রাউন্সভিল, ইস্ট নিউ ইয়র্ক, বুশউইক, রিজউড, মিডল ভিলেজ, ম্যাসপেথ, এলমহার্স্ট এবং জ্যাকসন হাইটসের মতো জাতিগত ও সামাজিক-অর্থনৈতিকভাবে এলাকাকে সংযুক্ত করবে। প্রকল্পটি বর্তমানে নিজেদের মধ্যে, এবং কিছু ক্ষেত্রে ম্যানহাটনের সাথে কর্মদক্ষ সংযোগ নেই, এমন এলাকায় একাধিক নতুন সংযোগ অন্তর্ভুক্ত করবে।

গবেষণা অনুযায়ী, পরিষেবা প্রাপ্ত দশজনের মধ্যে সাতজন পর্যন্ত অশ্বেতাঙ্গ হবে, যাদের আনুমানিক অর্ধেক আসবে গাড়িবিহীন গৃহস্থালি থেকে, এবং আনুমানিক এক-তৃতীয়াংশ ফেডারেল দারিদ্র্য সীমায় (Federal Poverty Line) বা 150 শতাংশ নিচে থাকা গৃহস্থালিতে বসবাসরত মানুষ।

MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "MTA যাত্রীদের একটি নির্ভরযোগ্য এবং ব্যাপক-বিস্তৃত ট্রানজিট ব্যবস্থা প্রাপ্য যা ন্যায্যতার প্রচার করে, এবং এই গবেষণা প্রমাণ করে যে ইন্টারবরো এক্সপ্রেস কুইন্স ও ব্রুকলিনের মোটামুটি 80,000 নিউ ইয়র্কবাসীর জন্য চাকরি, শিক্ষা, এবং অর্থনৈতিক সুযোগ পাওয়ার জন্য আরো ভালো সুযোগ সৃষ্টি করবে। আমি এই আকর্ষণীয় প্রকল্পে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য তাকে ধন্যবাদ দিতে চাই এবং স্থানীয় সম্প্রদায়ের সাথে মিলে কাজ অগ্রসর করার জন্য উন্মুখ।"

প্রকল্পটি 17টি পর্যন্ত সম্ভাব্য সাবওয়ে লাইনে (2,3,5,7,A,B,C,D,E,F,J,L,M,N,Q,R,Z) সংযোগ প্রদান করতে পারে, যা ব্রুকলিন এবং কুইন্সের বিভিন্ন এলাকায় পরিষেবা প্রদান করবে এবং প্রাথমিক গবেষণা অনুযায়ী সাপ্তাহিক খোলার দিনগুলিতে দৈনিক 80,000 পর্যন্ত যাত্রীকে এবং বার্ষিক আনুমানিক 2.5 মিলিয়ন যাত্রীকে পরিষেবা প্রদান করবে। ব্রুকলিন এবং কুইন্সের মধ্যকার যাতায়াতের সময় প্রতিবার 30 মিনিট পর্যন্ত হ্রাস পাবে, যাত্রার দূরত্বের উপর নির্ভর করে।

প্রস্তাবিত পরিষেবা সর্বাধিক ভিড়ের সময় পাঁচ-মিনিট পর্যন্ত আগে আগে চলবে, এবং দিনের অন্যান্য কম ভিড়ের সময়ে 10 মিনিট পর্যন্ত আগে আগে চলবে। 14-মাইল করিডোর সংলগ্ন স্টেশনের সংখ্যা ও অবস্থানগুলি নির্ণীত হবে আসন্ন পরিবেশগত, পরিকল্পনা, এবং প্রকৌশল গবেষণার অংশ হিসেবে। পাশাপাশি, পরিবহন পরিকল্পনাকারীরা বিশ্বাস করে যে নতুন পরিষেবাটি ক্রস-হার্বার-রেল ফ্রাইট টানেল (Cross-Harbor Rail Freight Tunnel) প্রকল্পের সাথে ভালোভাবে কাজ করবে, যেই কারণে গভর্নর হোকল স্টেট অফ দ্য স্টেট ভাষণের যেমনটি বলা হয়েছে সেভাবে বন্দর কর্তৃপক্ষকে ফ্রাইট টানেলের পরিবেশগত পর্যালোচনা করার নির্দেশ

দিয়েছেন। রেল পরিষেবা বৃদ্ধি করা এবং ট্রাক ট্র্যাফিক হ্রাস করা অঞ্চলে উল্লেখযোগ্য প্রভাব ফেলতে পারে।

ভাড়া নির্ণয় করা হবে বাস্তবায়নের সময় MTA বোর্ডের দায়িত্ব; এই ভাড়া আদর্শ সাবওয়ে ভাড়ার সমতুল্য হবে এমনটি প্রত্যাশিত।

ইন্টারবরো এক্সপ্রেস অনেক ধরনের আকৃতি গ্রহণ করতে পারে যা নির্ভর করবে কর্মকাণ্ড পরিচালনার মাধ্যম, পরিষেবা কত ঘনঘন প্রদান করা হবে, স্টেশনের অবস্থান এবং বিদ্যমান ফ্রাইট ট্র্যাকের সাথে সম্পর্কের মতো অনেক কিছুর উপর ভিত্তি করে। মোট প্রকল্পের খরচ নির্ণীত হবে আসন্ন পরিবেশগত পর্যালোচনা এবং নকশা প্রক্রিয়ার অংশ হিসেবে।

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন,"ইন্টারবরো এক্সপ্রেসটি পর্যাপ্ত গণপরিবহনের সুযোগ নেই এমন অনেক ব্রুকলিন ও কুইন্সের বাসিন্দার জন্য যাতায়াতের চিত্র পাল্টে দিবে। প্রকল্পটির প্রতিদিন ৪0,000 পর্যন্ত নিউ ইয়র্কবাসীর যাতায়াতের সময় কমিয়ে দেওয়ার এবং একইসাথে ট্র্যাফিক জ্যাম ও দূষণ কমানোর সম্ভাবনা রয়েছে। MTA হলো সেই ইঞ্জিন যা নিউ ইয়র্ক সিটিকে চালিত করে এবং এটি যাতে সকল নিউ ইয়র্কবাসীর জন্য নির্ভরযোগ্য, নিরাপদ এবং কর্মদক্ষ পরিবহন প্রদান করতে প্রয়োজনীয় ফেডারেল তহবিল পায় তা নিশ্চিত করতে আমি লড়াই চালিয়ে যাবো।"

প্রতিনিধি জেরি ন্যাডলার বলেন, "ইন্টারবরো এক্সপ্রেস গুরুত্বপূর্ণ একটি প্রকল্প যেটির ব্রুকলিন ও কুইন্সের সুবিধাবঞ্চিত এলাকায় ট্রানজিটের সুযোগ বৃদ্ধি করার সম্ভাবনা রয়েছে। প্রকল্পটি ক্রস হার্বার রেল ফ্রাইট টানেল প্রকল্পের সাথে সহাবস্থান করতে পারে এবং এটির তাই করা উচিত, যা আমাদের রাস্তা থেকে ট্রাক অপসারণ করে এবং তাদের কম ব্যবহৃত রেল নেটওয়ার্কে সরিয়ে দেওয়ার মাধ্যমে অবশেষে নিউ ওয়ার্ক মেট্রোপলিটন অঞ্চলকে জাতীয় ফ্রাইট রেল গ্রিডে সংযুক্ত করবে। একত্রে, প্রকল্পগুলি পরিবহন ন্যায্যতাকে উন্নত করবে এবং কার্বন নিঃসরণ হ্রাস করবে। আমি আনন্দিত যে এই প্রকল্পগুলি দ্বিপাক্ষিক অবকাঠামো আইনের (Bipartisan Infrastructure Law) নতুন ফেডারেল তহবিলের সুবিধা নিতে পারবে, এবং আমি আমাদের গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই, যিনি উভয় প্রকল্পের দৃঢ় সমর্থক হয়ে উঠেছেন। আমি এই প্রকল্পগুলি অগ্রসর করে সকল নিউ ইয়র্কবাসীর জন্য ট্রানজিট বিকল্প ব্যবস্থা উন্নত করার জন্য তার সাথে কাজ করতে উন্মুখ।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "ইন্টারবরো এক্সপ্রেস একটি সৃজনশীল প্রস্তাবনা এবং একটি ট্রানজিট মরুভূমিতে বাসরত নিউ ইয়র্কবাসীর জন্য বৃহত্তর সংযোগ প্রদানে আমাদের মিলিত লক্ষ্য অগ্রসর করার এবং একই সাথে অর্থনৈতিক বিকাশের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বিদ্যমান অবকাঠামোর উপর ভিত্তি করে কর্মদক্ষ নির্মাণ করলে, আমরা মিডল ভিলেজ এবং মিডউড থেকে এবং ব্রাউন্সভিল ও বুশউইক থেকে লাখ লাখ সম্ভাব্য যাত্রীকে যাতায়াতের আরেকটি বিকল্প প্রদান করতে পারি। আমি গভর্নর হোকলের প্রশংসা করছি এবং আমি ব্রুকলিন ও কুইন্সকে অগ্রসর করার এই উদ্যোগে একত্রে কাজ করার জন্য অনেক উৎসাহী।"

ব্রুকলিন বরোর প্রেসিডেন্ট অ্যান্টোনিও রেনোসো বলেন,"আমি গভর্নর হোকলকে এই চিন্তাটিকে পুনরায় জাগ্রত করার জন্য ধন্যবাদ জানাতে চাই, আমাদের বরোর ট্রানজিট মরুভূমিতে অতি প্রয়োজনীয় সংযোগ প্রদানে এবং গাড়ির উপর নির্ভরশীলতা কমানোর ক্ষেত্রে এর অনেক সম্ভাবনা রয়েছে। আমি বিশেষভাবে আগ্রহী বাসিন্দাদের নতুন শিক্ষা ও চাকরির সুযোগের সাথে সংযুক্ত করতে এর সম্ভাবনা নিয়ে, যা আগে হয়তো সম্ভব ছিলো না। আমি গভর্নর এবং তার দলের সাথে কাজ করে এর বাস্তবায়ন যাতে ন্যায্য হয় এবং পরিকল্পনা প্রক্রিয়ার যাতে সকল সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করা হয় তা নিশ্চিত করতে উন্মুখ।"

কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভ্যান রিচার্ডস বলেন, "যেকোনো শহুরে সম্প্রদায়ের, বিশেষ করে কুইন্স এবং ব্রুকলিনের মতো এতো বড় এবং বৈচিত্র্যময় সম্প্রদায়ের, প্রাণশক্তি অনেকটাই নির্ভর করে এর গণ পরিবহন ব্যবস্থার নির্ভরযোগ্যতার উপর। কিন্তু এই দুইটি বরোতেই অনেক বেশি সংখ্যক পরিবারের জন্য, এবং তাদের বাড়ি যেই সম্প্রদায়ে তাদের জন্য, কুইন্স ও ব্রুকলিনের মধ্যে দ্রুত, কর্মদক্ষ উপায়ে যাতায়াত না করতে পারা তাদের অর্থনৈতিক ভালো থাকার অপ্রয়োজনীয় নির্ণায়ক হয়ে আছে। আমি ব্রুকলিন-কুইন্স সংযোগের প্রতি গভর্নর হোকলের দৃঢ় মনোযোগের জন্য তার প্রশংসা করছি এবং আমি হাজার হাজার কুইন্স ও ব্রুকলিন পরিবারকে প্রতিটি বরোতে নতুন চাকরির সুযোগের সাথে সংযুক্ত করতে এবং একইসাথে একই প্রক্রিয়ায় যাতায়াতের সময় নাটকীয়ভাবে কমিয়ে দিতে তার সঙ্গে অংশীদারিত্বে কাজ করতে উন্মুখ।"

সিনেটর জোসেফ পি. অ্যাডাব্বো বলেন, "আমি গভর্নর হোকলের লক্ষ্য এবং কুইন্সে গণপরিবহন উন্নত করার তার উদ্দেশ্যের কদর করি, এটি হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক হতে পারে। ইন্টারবরো এক্সপ্রেস একটি সাহসী প্রচেষ্টা এবং আমি পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়ার ফলাফল দেখার জন্য এবং পাশাপাশি ভবিষ্যৎ এই রুটের আশেপাশে বাসরত আমাদের বাসিন্দাদের কী কী সমস্যা হতে পারে তা সনাক্ত ও সমাধানে গভর্নরের প্রশাসনের সাথে কাজ করতে উন্মুখ।"

সিনেটর অ্যান্ড্রু গাউনার্ডেস বলেন, "ইন্টারবরো এক্সপ্রেস সাউদার্ন ব্রুকলিনের, এবং সকল ব্রুকলিন ও কুইন্স সম্প্রদায়ের চিত্র পাল্টে দিবে, ঐতিহাসিকভাবে যাদের নির্ভরযোগ্য ট্রানজিটের অভাব রয়েছে। এর বে রিজ থেকে জ্যাকসন হাইটস পর্যন্ত সব জায়গায় অর্থনৈতিক ও সাংস্কৃতিক সুযোগ উন্মোচনের ক্ষমতা রয়েছে এবং এটি নিউ ইয়র্ক সিটির লাখ লাখ বাসিন্দার জীবনে ব্যাপক প্রভাব ফেলবে। নিউ ইয়র্কবাসীরা যাতে স্থানীয় ব্যবসাকে সমর্থন করতে পারে, নিজেদের ক্যারিয়ার গড়তে পারে, এবং নিজেদের সম্প্রদায়ে বিনিয়োগ করতে পারে তা নিশ্চিত করে হবে আমাদের শহরের পুনরুদ্ধারের চাবিকাঠি, এবং আমি একে বাস্তবে পরিণত করতে গভর্নর হোকল এবং MTA-র সাথে কাজ করা অব্যাহত রাখতে আগ্রহী।"

সিনেটর কেভিন পার্কার বলেন, "অনেক দীর্ঘ সময় ধরে, ব্রুকলিন ও কুইন্সের আমাদের কর্মজীবী সম্প্রদায়সমূহ সুবিধাবঞ্চিত হয়েছে এবং ভিন্ন যুগে ভিন্ন একটি শহরের জন্য তৈরি সেকেলে সাবওয়ে মানচিত্র দ্বারা উপেক্ষিত হয়েছে। গভর্নরের প্রস্তাবিত ইন্টারবরো এক্সপ্রেস বিদ্যমান সাবওয়ে ব্যবস্থার সম্প্রসারণ হলো অগ্রগামী চিন্তা, এবং আমেরিকান স্বপ্নকে নাগালের

মধ্যে আনতে এবং নিউ ইয়র্ক সিটিকে আরো ন্যায্য বানাতে এধরনের সাহসী বিনিয়োগই প্রয়োজন।"

সিনেটর রোক্সান পার্সেউড বলেন, "আমি এই সাহসী উদ্যোগের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি। ইন্টারবরো এক্সপ্রেসটি বিশেষ করে সেই সম্প্রদায়সমূহের প্রয়োজন যারা ট্রানজিট মরুভূমিতে রয়েছে। এটি যাতায়াতের সময় কমাবে এবং যাত্রা পরিকল্পনায় আরো বেশি সুযোগ প্রদান করবে। আমি এই কাজ সম্পন্ন হওয়া এবং আরো বেশি ট্রানজিট বিকল্প দেখার জন্য উন্মুখ।"

সিনেটর জুলিয়া সালাজার বলেন, "ইন্টারবরো এক্সপ্রেস কীভাবে আমাদের ব্রুকলিন ও কুইন্স সম্প্রদায়সমূহ সিটির বাকি অংশের সাথে যোগাযোগ করে তা ইতিবাচকভাবে বদলে দিবে। গভর্নরের পরিকল্পনা হলো প্রতিদিন গণ পরিবহনের উপর নির্ভর করে এমন নিউ ইয়র্কবাসীদের গুরুতর প্রয়োজন ও উদ্বেগের প্রতি সাড়াদান। আমি পরিকল্পনাটি অগ্রসর হতে দেখতে এবং আমাদের এলাকার জন্য বাস্তবে পরিণত হতে দেখার জন্য উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য ক্যাটালিনা ক্রুজ বলেন, "ইন্টারবরো এক্সপ্রেস গণপরিবহন বৃদ্ধি করা এবং জ্যামের দীর্ঘস্থায়ী পরিবেশগত প্রভাব সামাল দেওয়ার জন্য একটি অনন্য সুযোগ প্রদান করে। যেমনটি সহজসাধ্যতা গবেষণায় দেখা যাচ্ছে, এটি থেকে লাভবান হওয়া অধিকাংশ সম্প্রদায় কর্মজীবী শ্রেণীর এবং দরিদ্র অশ্বেতাঙ্গ নিউ ইয়র্কবাসী। আমি গভর্নর হোকল এবং তার প্রশাসন, এবং একই সাথে MTA-র সাথে কাজ করার জন্য অঙ্গীকারবদ্ধ, যাতে করে পুরো প্রক্রিয়া যাতে তাদের মতামত শোনা হয় তা নিশ্চিত করতে পারি। আমি গভর্নর হোকলের আগ্রহের জন্য তাকে ধন্যবাদ জানাই এবং তার নির্দেশিত পরিবেশগত গবেষণার ফলাফল দেখার জন্য উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য জেসিকা গঞ্জালেস-রোহাস বলেন, "আমি ইন্টারবরো এক্সপ্রেস প্রকল্পে গভর্নরের নেতৃত্বের প্রশংসা করছি এবং মনে করি যে যখন আমরা আমাদের ট্রানজিট ব্যবস্থা সহ সামগ্রিক ব্যবস্থার উন্নয়ন করতে যাচ্ছি তখন জাতিগত সমতাকে কেন্দ্র করে আরো ভালোভাবে পুনর্গঠন শুরু করার এটি একটি উপায়। বাস্তবতা এই যে নিউ ইয়র্ক সিটিতে এখনো অনেক ট্রানজিট মরুভূমি রয়েছে, এবং এগুলি শুধু অশ্বেতাঙ্গ সম্প্রদায়গুলিকে একে অন্যদের থেকে পৃথক করে রাখে। আমি বিশেষ করে আনন্দিত জ্যাকসন হাইটসের বাসিন্দারা এর থেকে যে লাভবান হবেন তার জন্য। আমার আশা যে ফেডারেল পর্যালোচনা প্রক্রিয়া আমাদেরকে আমাদের সিটির ট্রানজিট ভবিষ্যতে অগ্রসর হতে দিবে যেখানে আমরা আমাদের বরোগুলি ও সম্প্রদায়সমূহকে আরো ভালোভাবে সংযুক্ত করার কাজ করতে পারবো।"

অ্যাসেম্বলি সদস্য হেলেন উইনস্টাইন বলেন, "আমার এলাকার গণপরিবহনের ক্ষেত্রে বঞ্চিত হাজার হাজার নাগরিকের পক্ষে, আমি একটি ইন্টারবরো এক্সপ্রেস লাইনের প্রস্তাবিত পরিকল্পনা নিয়ে অত্যন্ত আনন্দিত," বলেন অ্যাসেম্বলি ওয়েজ অ্যান্ড মিনস কমিটির প্রধান অ্যাসেম্বলি সদস্য হেলেন ওয়াইনস্টিন। "এই অতি গুরুত্বপূর্ণ রুটটি যাত্রীদের জন্য নতুন ও দ্রুততর সুযোগ নিয়ে আসবে এবং কুইন্স ও ব্রুকলিনের মধ্যকার যাতায়াতের সুযোগ বৃদ্ধি

করবে। আমি পুরো সিটির বাসিন্দাদের আগের যেকোনো সময়ের থেকে বেশি কাছাকাছি আনতে গভর্নর হোকলের দৃঢ় নিবেদনের জন্য তার প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক সিটি পরিষদের (New York City Council) স্পিকার অ্যাড্রিয়ান অ্যাডামস বলেন, "নিউ ইয়র্ক সিটি সাহসী ও রূপান্তরকারী অবকাঠামো প্রকল্পের জন্য প্রস্তুত যেগুলি ব্রুকলিন ও কুইন্সের এলাকাগুলিকে সংযুক্ত করবে। ইন্টারবরো এক্সপ্রেসের প্রায় 900,000 বাসিন্দা এবং 260,000 কর্মীদের জীবন প্রভাবিত করার সম্ভাবনা রয়েছে, যারা অতিরিক্ত গণপরিবহন বিকল্প দ্বারা লাভবান হবে। কর্মসংস্থান সৃষ্টি করবে, আমাদের স্থানীয় অর্থনীতি জোরদার করবে, এবং আমাদের ক্ষুদ্র ব্যবসাকে সমর্থন করবে এমন প্রকল্পে বিনিয়োগ করা এখন আমাদের জন্য আগের যেকোনো সময়ের থেকে বেশি প্রয়োজন। আমি গভর্নর হোকলের নেতৃত্ব ও দূরদৃষ্টির জন্য তাকে ধন্যবাদ জানাই, এবং ইন্টারবরো এক্সপ্রেস সচল হতে দেখার জন্য উন্মুখ।"

নিউ ইয়র্ক সিটি পরিষদের সদস্য রবার্ট হোল্ডেন বলেন, "আমি গভর্নর হোকলকে এই পরিকল্পনাটি পুনর্জীবিত করতে দেখে দারুণভাবে উৎসাহিত হয়েছি এবং আমি কুইন্সের ব্যাপারে চিন্তা করার জন্য তাকে ধন্যবাদ জানাই। আমরা সর্বাধিক বৈচিত্র্যময় মানুষ এবং সর্বাধিক বৈচিত্র্যময় চাহিদাসম্পন্ন অনন্য একটি বরো। এই চাহিদাগুলির একটি হলো আরো ভালো গণপরিবহন। আমার জেলায় আমাদের একটি গণপরিবহন মরুভূমি রয়েছে এবং এই প্রকল্পটি অনেক মানুষকে যাতায়াত করতে এবং যাতায়াতের সময় কমাতে সাহায্য করবে। এই প্রকল্পটি আমাদের এলাকার প্রতিটি ক্ষেত্রকে কীভাবে প্রভাবিত করবে তার তদন্ত করে একটি পুঙ্খানুপুঙ্খ গবেষণা করা দরকার এবং আমি গভর্নর হোকল এবং জড়িত সকলের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

নিউ ইয়র্ক সিটি পরিষদের সদস্য শেখর কৃষ্ণান বলেন, "কুইন্সের এলমহার্স্ট ও জ্যাকসন হাইটস নিয়ে আমার জেলা, এই মহামারীর সময় সিটির হৃৎস্পন্দন ছিলো, আমরা পুরো সিটিতে বাইক, বাস, এবং সাবওয়ে দিয়ে ডেলিভারি ব্যক্তি, স্বাস্থ্যসেবা কর্মী, এবং শিক্ষকদের প্রেরণ করেছি। সেজন্য আমি অত্যন্ত আনন্দিত যে ইন্টারবরো এক্সপ্রেসটির নোঙ্গর হবে আমাদের সম্প্রদায়, যা কুইন্স এবং ব্রুকলিনের মানুষের জন্য আরো দ্রুত, নির্ভরযোগ্য পরিবহন প্রদান করবে।"

নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং এবং কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (New York State Building and Construction Trades Council) প্রেসিডেন্ট এবং গ্রেটার নিউ ইয়র্ক বিল্ডিং এবং কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (Building and Construction Trades Council of Greater New York) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "এটি একটি চিন্তাশীল এবং কার্যকর অবকাঠামো পরিকল্পনার দিকে প্রথম গুরুত্বপূর্ণ পদক্ষেপ যা শুধু সম্প্রদায়সমূহের মধ্যে সংযোগ বৃদ্ধি করবে না, বরং প্রক্রিয়াটির মাধ্যমে হাজার হাজার লাভবান মধ্যবিত্ত ক্যারিয়ার সৃষ্টি করবে। ইন্টারবরো এক্সপ্রেস আগামী অনেক বছরের জন্য নিউ ইয়র্কের পরিবহন অবকাঠামোর একটি মুখ্য উপাদান হবে, এবং আমরা গভর্নর হোকলের লক্ষ্য, নেতৃত্ব এবং রূপান্তরকারী এই প্রকল্পকে অগ্রসর করতে তার প্রতিশ্রুতির জন্য তার প্রশংসা করছি।"

আঞ্চলিক পরিকল্পনা অ্যাসোসিয়েশনের (Regional Plan Association) নির্বাহী ভাইস প্রেসিডেন্ট কেট স্লেভিন বলেন, "আঞ্চলিক পরিকল্পনা অ্যাসোসিয়েশন অত্যন্ত আনন্দিত যে গভর্নর হোকল এবং MTA ইন্টারবরো এক্সপ্রেসের প্রাথমিক গবেষণা শেষ করেছে, যা তৈরি হয় 1996 সালে প্রথম প্রস্তাবিত RPA-র ট্রাইবরো পরিকল্পনার ভিত্তিতে। ইন্টারবরো এক্সপ্রেস নিউ ইয়র্কের পরিবহন ন্যায্যতা, অর্থনৈতিক বিকাশ, এবং জলবায়ু লক্ষ্য অগ্রসর করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ প্রকল্প, যেহেতু এই রুটটি শহরের অনেক গাড়ি-নির্ভর ট্রানজিট মরুভূমিকে 17টি সাবওয়ে লাইন এবং লং আইল্যান্ড রেল রোড দ্বারা সংযুক্ত করবে। কয়েক প্রজন্মের মধ্যে প্রথম ব্রুকলিন ও কুইন্সের মধ্যে একটি সরাসরি ট্রানজিট সংযোগ স্থাপনের মাধ্যমে, ইন্টারবরো এক্সপ্রেস আমাদের ম্যানহাটন-কেন্দ্রিক ট্রানজিট ব্যবস্থা থেকে সকল বাসিন্দাদের জন্য লাভজনক আরো সার্বিক একটি মডেলে চলে যাওয়ার ক্ষেত্রে একটি যুগান্তকারী পদক্ষেপ। গত পাঁচ বছরে নির্বাচিত কর্মকর্তা, সম্প্রদায়, এবং ব্যবসা প্রতিষ্ঠানের সাথে উন্মুক্ত ও একান্ত অনেক মিটিংয়ের মাধ্যমে আমরা এই প্রকল্পের জন্য অভাবনীয় সমর্থন দেখতে পেয়েছি।"

নিউ ইয়র্ক বিল্ডিং কংগ্রেসের (New York Building Congress) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা কার্লো এ. সিসুরা বলেন, "একটি আধুনিক নিউ ইয়র্ক সিটির এমন একটি গণপরিবহন বিকল্প থাকা উচিত যা একবিংশ শতাব্দীর মানুষের যাতায়াত প্রতিফলিত করে। MTA সহজসাধ্যতা গবেষণা হবে ব্রুকলিন ও কুইন্সকে আরো ভালোভাবে সংযুক্ত করার প্রথম ধাপ, একত্রে এই দুইটি নিউ ইয়র্ক সিটির অর্ধেকের বেশি বাসিন্দার আবাসস্থল এবং এটি বিগ অ্যাপলের অর্থনীতির ভবিষ্যতের প্রতিনিধিত্ব করে। নিউ ইয়র্ক বিল্ডিং কংগ্রেস গভর্নর হোকল, এবং জ্যানো লিবারের নেতৃত্বাধীনে MTA-র প্রশংসা করে ও তাদের ধন্যবাদ জানায়, ইন্টারবরোর মতো রূপান্তরকারী, সাহসী অবকাঠামো প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করার জন্য।"

রাইডার্স অ্যালায়েন্সের (Riders Alliance) প্রধান সংগঠক মায়রা অ্যালডাস-ডেকেট বলেন, "ইন্টারবরো এক্সপ্রেস হলো ব্রুকলিন ও কুইন্সের লাখ লাখ যাত্রীদের ট্রানজিট সমতার দিকে একটি বড়, সাহসী পদক্ষেপ। গভর্নর হোকলের স্বপ্নদর্শী প্রস্তাবনা দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর নিউ ইয়র্কের ট্রানজিটের সর্বাধিক উল্লেখযোগ্য সম্প্রসারণের প্রতিনিধিত্ব করে। পুরোনো অবকাঠামো ব্যবহার করে এবং কয়েক ডজন ঘনবসতিপূর্ণ শহুরে এলাকার মানুষকে নতুন বিকল্প প্রদানের মাধ্যমে, ইন্টারবরো এক্সপ্রেস কাজ, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং অন্যান্য অত্যাবশ্যকীয় সুযোগ পাওয়ার সুযোগ দারুণভাবে বৃদ্ধি করবে।"

ট্রান্সপোর্টেশন অল্টারনেটিভসের (Transportation Alternatives) নির্বাহী পরিচালক ড্যানি হ্যারিস বলেন, "জলবায়ু সঙ্কটের বিরুদ্ধে লড়াই করতে এবং সম্প্রদায়সমূহকে বৃহত্তর অর্থনৈতিক সুযোগের সাথে সংযুক্ত করতে, নিউ ইয়র্ককে অবশ্যই টেকসই পরিবহন বিকল্পে বিনিয়োগ করতে হবে। ইন্টারবরো এক্সপ্রেস সাহসী বিনিয়োগের এমন একটি উদাহরণ যা নিউ ইয়র্ক সিটিকে আরো ন্যায্য এবং স্থিতিশীল শহর বানানোর জন্য প্রয়োজন। আমরা নিউ ইয়র্কবাসীর যাতায়াতের ব্যবস্থা গাড়ি থেকে আরো স্বাস্থ্যকর, আরো কার্যকর, এবং সবুজতর পন্থায় বদলে দিতে গভর্নর হোকল এবং সিটির নেতৃবৃন্দের সাথে কাজ করে যেতে উন্মুখ।"

ট্রাই-স্টেট পরিবহন ক্যাম্পেইনের (Tri-State Transportation Campaign) নির্বাহী পরিচালক রেনে রেনল্ডস বলেন, "আমরা ব্রুকলিন ও কুইন্সে নতুন ট্রানজিট অপশন নিয়ে

আসার জন্য গভর্নর হোকলের ঘোষণার প্রশংসা করছি, বিশেষ করে যেহেতু সিটিতে ট্র্যাফিক জ্যাম এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব আরো খারাপ হচ্ছে। সিটি এবং স্টেট উভয়ে ট্রানজিট মরুভূমিতে যাতায়াতের সুযোগ সম্প্রসারণ করতে কাজ করছে, যা আরো ন্যায্য পরিবহন নেটওয়ার্ক নিশ্চিত করার জন্য অতি গুরুত্বপূর্ণ মিশন। কীভাবে ইন্টারবরো এক্সপ্রেস কমিউটার রেলের এবং ফ্রাইট নেটওয়ার্কের সাথে মিলবে দেখার জন্য আমরা উন্মুখ, বিশেষ করে MTA-র পেন স্টেশন অ্যাক্সেস (Penn Station Access) প্রকল্প এবং বন্দর কর্তৃপক্ষের ক্রস হার্বার ফ্রাইট প্রকল্পের জন্য। একত্রে, এই প্রকল্পগুলি আঞ্চলিক অ্যাক্সেসিবিলিটির চিত্র পাল্টে দিবে, এবং গাড়ি ও ট্রাকের নিঃসরণ কমাবে এবং আমাদের ভিড় রাস্তায় জ্যাম কমাবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন